

🖪 আল-হিজর | Al-Hijr | ٱلْجِجْر

আয়াতঃ ১৫:৬৮

আরবি মূল আয়াত:

قَالَ إِنَّ هُوُّلَاءِ ضَيفِي فَلَا تَفضَحُونِ ﴿ ٢٨ ﴾

সে বলল, 'নিশ্চয় এরা আমার মেহমান, সুতরাং আমাকে অপমানিত করো না'। — আল-বায়ান লূত বলল, 'এরা আমার মেহমান, কাজেই তোমরা আমাকে লাঞ্ছিত করো না। — তাইসিরুল সে বললঃ নিশ্চয়ই এরা আমার অতিথি; সুতরাং তোমরা আমাকে বেইয্যাত করনা। — মুজিবুর রহমান [Lot] said, "Indeed, these are my guests, so do not shame me. — Sahih International

৬৮. তিনি বললেন, নিশ্চয় এরা আমার অতিথি; কাজেই তোমরা আমাকে বেইজ্জত করো না।

তাফসীরে জাকারিয়া

(৬৮) সে বলল, 'নিশ্চয় এরা আমার অতিথি; সুতরাং তোমরা আমাকে বেইজ্জত করো না। [1]

[1] লূত (আঃ) তাদেরকে বুঝাতে চেষ্টা করলেন যে, এরা আমার অতিথি। কি করে তাদেরকে আমি তোমাদের হাতে তুলে দিতে পারি? এ তো আমার জন্য অপমান ও লজ্জার বিষয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1870

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন